

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন্দ্র অধিদপ্তর
বন্দ্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০৫.৩০.০০২.১৯.৫৭১

তারিখ: ৩০ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
১৫ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ


“বন্দ্র অধিদপ্তরের সেবা সহজীকরণ বিষয়ক কমিটির অনলাইন সভার কার্যবিবরণী”

সভাপতি : জনাব মো: শাহাদাত হোসেন
সভার তারিখ : ১৪ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময় : বিকাল ৩.০০ ঘটিকা
স্থান : Zoom app এর মাধ্যমে অনলাইন প্লাটফর্ম
উপস্থিতি :

ক্র: নং	কর্মকর্তার নাম ও পদবী	কর্মস্থল	কমিটিতে পদবী
০১	পরিচালক (প্রশাসন ও অর্থ)	বন্দ্র অধিদপ্তর, ঢাকা	আহ্বায়ক
০২	জনাব এ.টি. এম আরিফুজ্জামান সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল)	বন্দ্র ও পাট মন্ত্রণালয়	সদস্য
০৩	জনাব মো: অমিনুল ইসলাম প্রোগ্রামার (আইসিটি সেল)	বন্দ্র ও পাট মন্ত্রণালয়	সদস্য
০৪	জনাব মোহাম্মদ মোজাম্মেল হক সহকারী পরিচালক (জরিপ)	বন্দ্র অধিদপ্তর, ঢাকা	সদস্য
০৫	জনাব মো: আলী আহাব রাখা সহকারী পরিচালক (কারিগরি)	বন্দ্র অধিদপ্তর, ঢাকা	সদস্য সচিব

সংযুক্তি : (০১) ওয়ান স্টপ সার্ভিসের বিদ্যমান প্রসেসম্যাপ ও (০২) ওয়ান স্টপ সার্ভিসের সহজীকৃত প্রসেসম্যাপ


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি সূচনা বক্তব্যে বলেন, “বন্দ্র অধিদপ্তরের ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী কার্যক্রম (কর্মসম্পাদন সূচক ১২.১.১) বস্তবায়নের লক্ষ্যে আয়োজিত অনলাইন সভায় উপস্থিতির জন্য কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানাচ্ছি।” তিনি আরও ব্যক্ত করেন যে, “বর্তমান সরকার নাগরিক সেবা সহজীকরণের উদ্দেশ্যে প্রায় প্রতিটি অফিসে ওয়ানস্টপ সার্ভিস চালু করেছে। অনুরূপভাবে বন্দ্র অধিদপ্তরেও ওয়ান স্টপ সার্ভিস সেন্টার ২০১৪ সাল থেকে চালু রয়েছে।” তিনি বলেন, মহাপরিচালক, বন্দ্র অধিদপ্তর, মহোদয়ের ভাষ্যমতে এখানকার ওয়ানস্টপ সার্ভিস স্বয়ংসম্পূর্ণ নয়। এখানে, সেবাগ্রহীতা ওয়ানস্টপ সার্ভিস সেন্টারে আবেদন দাখিল করলেও তারা সংশ্লিষ্ট শাখা হতে সেবাটি গ্রহণ করে থাকে। ফলশ্রুতিতে ওয়ান স্টপ সার্ভিস সেন্টারের সেবার মানে স্বচ্ছতা ও পূর্ণতা বিনষ্ট হয়। ইতোমধ্যে মহাপরিচালক মহোদয়ের মৌখিক সিদ্ধান্ত মোতাবেক শাখায় জনসংযোগ হ্রাসের লক্ষ্যে সেবাগ্রহীতাদের ওয়ানস্টপ সেন্টার ব্যতীত বন্দ্র অধিদপ্তরে প্রবেশাধিকার খর্ব করা হয়েছে। সেবাগ্রহীতা শুধুমাত্র মহাপরিচালক মহোদয়ের/সংশ্লিষ্ট শাখা প্রধানের অনুমতি সাপেক্ষে অধিদপ্তরের বিভিন্ন শাখায় প্রবেশ করতে পারবে।



চিত্র: ওয়ান স্টপ সার্ভিসের বিদ্যমান প্রসেসম্যাপ

মোঃ মাসুদ আলী
সহকারী পরিচালক (কারিগরি)
পরিদর্শন, প্রশাসনিক ও উন্নয়ন
সংক্রান্ত সেবা
১২/১০/২০২০

মোঃ শাহাদাত হোসেন
উপসচিব
পরিদর্শন, প্রশাসনিক ও উন্নয়ন
সংক্রান্ত সেবা
১২/১০/২০২০
বন ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



TCV Analysis:

পরিদর্শনের মাধ্যমে সেবা:
মোট ধাপসংখ্যা=০৮, সময়=২০ কর্মদিবস

পরিদর্শন ব্যতীত সেবা:
মোট ধাপসংখ্যা=০৬, সময়=১০ কর্মদিবস

চিত্র: ওয়ান স্টপ সার্ভিসের সহজীকৃত প্রসেস ম্যাপ

মোঃ আলী আহাব রাখা
সহকারী পরিচালক (কারিগরি)
বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ শাহাদাত হোসেন
(উপসচিব)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


সার্ভিসকে পূর্ণতা প্রদানে ক্যাবিনেট ডিভিসনের নির্দেশনা অনুযায়ী সেবা সহজীকরণে একটি প্রসেস ম্যাপ কমিটির সদস্য সচিব, জনাব মো: আলী আহাব রাখা, সহকারী পরিচালক(কারিগরি), তৈরি করেছেন”।

সভার এই পর্যায়ের সভাপতি মহোদয় সদস্য সচিবকে প্রসেস ম্যাপ উপস্থাপনের জন্য অনুমতি প্রদান করেন। কমিটির সদস্য সচিব সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন-শাখায় শাখায় জনসংযোগ বৃদ্ধি পেলে শাখার নিয়মিত কাজে ব্যাঘাত সৃষ্টি হয়, ফলে সেবাগ্রহিতার সেবা পেতে বিলম্ব হয়। এরপর তিনি বস্ত্র অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সেবা সহজীকরণের লক্ষ্যে মহাপরিচালক মহোদয়ের নির্দেশ মোতাবেক প্রস্তুতকৃত প্রসেস ম্যাপ Zoom app এর মাধ্যমে উপস্থাপন করেন।

কমিটির মন্ত্রণালয়ের সদস্য, জনাব এ.টি.এম আলিমুজ্জামান, সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল), সেবা সহজীকরণ প্রসেস ম্যাপের প্রশংসা করেন এবং কিছু সংযোজন বিয়োজনের পরামর্শ দেন। এছাড়া তিনি প্রসেস ম্যাপের পাশাপাশি TCV analysis, (T=Time, C=Cost, V=Visit) উপস্থাপন করার পরামর্শ প্রদান করেন। কমিটির মন্ত্রণালয়ের অন্য সদস্য জনাব মো: আমিনুল ইসলাম, প্রোগ্রামার (আইসিটি সেল), বস্ত্র অধিদপ্তরের ডিজিটাল নাগরিক সেবা প্রদানের হালনাগাদ তথ্য জানতে চান। বস্ত্র অধিদপ্তরের ২০১৯-২০ অর্থ বছরের উদ্ভাবনী কার্যক্রমের অংশ হিসেবে গৃহীত অনলাইন ভিত্তিক নাগরিক সেবা কার্যক্রম কতটুকু অগ্রসর হয়েছে সে সম্পর্কে জিজ্ঞাসা করলে কমিটির সদস্য জনাব মোহাম্মদ মোজাম্মেল হক, সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বস্ত্র অধিদপ্তর, ব্যক্ত করেন যে, “ই-নাগরিক সেবা প্রদানের নিমিত্তে a2i প্রকল্প হতে গৃহীত সফটওয়্যার e-application বস্ত্র অধিদপ্তর ইতোমধ্যে চালু করলেও কিছু জটিলতার কারণে CNS নামক সফটওয়্যার কোম্পানির সাথে চুক্তি করা হবে যারা e-application কে কাস্টমাইজড ও ব্যবহার উপযোগী করে চালু করবে। উল্লেখ্য যে, CNS নামক সফটওয়্যার কোম্পানিটি a2i প্রকল্প হতে গৃহীত সফটওয়্যার e-application তৈরি করে”।

সভা শেষে প্রসেস ম্যাপটি গৃহীত হয় এবং আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভার সিদ্ধান্ত: অনলাইনে সভায় গৃহীত প্রসেস ম্যাপটি অনুসরণে বস্ত্র অধিদপ্তরের ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী কার্যক্রম (কর্মসম্পাদন সূচক ১২.১.১) ও সেবা সহজীকরণের পাইলোটিং বস্ত্রায়নের লক্ষ্যে সরকারি আদেশ ১৫/১০/২০২০ তারিখের মধ্যে জারি করতে হবে।




পরিচালক,

বস্ত্র অধিদপ্তর

(আহ্বায়ক, সেবা সহজীকরণ কমিটি)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), (অ: দা:), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার (আইসিটি সেল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক (জরিপ), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ৬। জনাব মো: সাইফুল ইসলাম (লাইব্রেরিয়ান), ওয়েবসাইটে প্রকাশের জন্য।



মো: আলী আহাব রাখা

সহকারী পরিচালক (কারিগরি)

(সদস্য সচিব, সেবা সহজীকরণ কমিটি)